109

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR 1 2 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৪ ......

## বিনামূল্যের বইয়ের দাম

সম্প্রতি অত্যন্ত আড়ম্বরের সহিত ১৯৯৯ শিক্ষাবর্ষের প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বিনামূল্যের প্রদেয় বই-এর বিতরণের কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠান হয় ময়মনসিংহ জেলার সদর থানাধীন একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে। মাননীয় শিক্ষামন্ত্রী প্রথম শ্রেণীর একটি শিশুর হাতে তুলিয়া দেন দুইটি ঝকঝকে নূতন বই, সাথে একটি পুরাতন বই। ইহার পর মাত্র আঠার ঘন্টার ব্যবধানে অবস্থা পাল্টাইয়া যায় আমূল। ঐ সরকারী প্রাথমিক বিদ্যালয়েই অভিভাবক ছাত্র-ছাত্রী বই আনিতে গেলে সেট পিছু চাওয়া হয় দুই শত টাকা। একজন অভিভাবক বলিলেন, 'প্রতি বছর-তো প্রতিসেট বই একশত ত্রিশ টাকা করিয়া কিনিতেছি। এ বছর দুইশত টাকা কেন?' জবাব পাওয়া গেল, এ বছর মন্ত্রী মহোদয় স্কুলে আসাতে অনেক খরচ হইয়াছে। খরচ তুলিতে সেট প্রতি মূল্য সত্তর টাকা বৃদ্ধি পাইয়াছে। প্রতিটি বই-এর পিছনে লেখা আছে 'বিনামূল্যে বিতরণের জন্য'। তাহা হইলে কেন এই স্কুলে ছাত্র-ছাত্রীদের নিকট হইতে বিনামূল্যের বই বাবদ প্রত্যেক বৎসরই টাকা নেওয়া হইতেছে?

অজয় কুমার নাথ,
৩৯, পুলিশ লাইন, ময়মনসিংহ।